গাজীপুরে ফের শ্রমিকদের বিক্ষোভ, সাউন্ড গ্রেনেড-টিয়ার শেল নিক্ষেপ



ছবি: সংগৃহীত

বেতন বাড়ানোর দাবিতে গাজীপুরে আবারও ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে বিক্ষোভ করেছেন পোশাকশ্রমিকেরা। রোববার (২২ নভেম্বর) সকালে শ্রীপুরের কয়েকটি কারখানার শ্রমিকেরা মহাসড়কে অবস্থান নেওয়ার চেষ্টা করলে তাদের সরাতে সাউন্ড গ্রেনেড ও টিয়ার শেল নিক্ষেপ করে পুলিশ। এতে প্রায় পৌনে এক ঘণ্টা যান চলাচল ব্যাহত হয়।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, সকালে হ্যামস গার্মেন্টস, আমান কটন ও ড্যানিমেক গার্মেন্টসসহ কয়েকটি কারখানার শ্রমিকেরা কাজে যোগ না দিয়ে কর্মবিরতি পালন করেন। পরে কারখানাগুলো ছুটি ঘোষণা করা হলে শ্রমিকেরা মিছিল নিয়ে গড়গড়িয়া মাস্টারবাড়ি এলাকায় মহাসড়কে অবস্থান নেন।

পরে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের উপস্থিতি বাড়লে শ্রমিকেরা মহাসড়ক ছেড়ে আনসার রোডের দিকে চলে যান। একপর্যায়ে সাবলাইম কারখানার সামনে অবস্থান নিয়ে তারা পুলিশকে লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ সাউন্ড গ্রেনেড ও টিয়ার শেল ছুড়লে শ্রমিকেরা ছত্রভঙ্গ হয়ে যান।

পরে ১ নম্বর সিএন্ডবি বাজার এলাকাতেও পুলিশ সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে শ্রমিকদের সরিয়ে দেয়। দুপুর ১২টার দিকে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে যান চলাচল স্বাভাবিক হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে শিল্প পুলিশ, জেলা পুলিশ, বিজিবি ও আনসার সদস্যদের মোতায়েন করা হয়।

গাজীপুর শিল্প পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার মো. সফিউল বলেন, শ্রমিকেরা মহাসড়কে অবস্থান নেওয়ার চেষ্টা করেছিলেন। পরে তাদের সরিয়ে দিলে যান চলাচল স্বাভাবিক হয়।